# দ্বিতীয় ভারত-অস্ট্রেলিয়া বার্ষিক শীর্ষ সম্মেলন

২০ নভেম্বর ২০২৪

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টনি অ্যালবানিজ ১৯ নভেম্বর রিও ডি জেনিরোতে জি-২০ শিখর সম্মেলনের ফাঁকে দ্বিতীয় ভারত-অস্ট্রেলিয়া বার্ষিক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত করেন। প্রধানমন্ত্রী আলবানিজদের ভারত সফরের সময় ১০ মার্চ ২০২৩ তারিখে নয়াদিল্লিতে প্রথম বার্ষিক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়।

2. ভারত-অস্ট্রেলিয়া সুসংবদ্ধ কৌশলগত অংশীদারিত্বকে আরও জোরদার করে তোলার লক্ষ্যে তাঁদের সমর্থনের কথা পুনরায় ব্যক্ত করেন প্রধানমন্ত্রীরা। তাঁরা প্রতিরক্ষা ও নিরাপত্তা, বাণিজ্য ও বিনিয়োগ, শিক্ষা, দক্ষতা ও গতিশীলতা, পুনর্নবীকরণযোগ্য জ্বালানি, মহাকাশ, ক্রীড়া এবং মানুষে মানুষে সম্পর্ক নিয়ে আলোচনা করেন। এ উপলক্ষে একটি যৌথ বিবৃতি প্রকাশ করা হয়। পুনর্নবীকরণযোগ্য জ্বালানি অংশীদারিত্বের সূচনাকেও স্বাগত জানান প্রধানমন্ত্রীরা।

3. পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট আঞ্চলিক তথা আন্তর্জাতিক বিষয়গুলি নিয়েও উভয় পক্ষ মতবিনিময় করে। তাঁরা আন্তর্জাতিক আইনের প্রতি শ্রদ্ধার ভিত্তিতে একটি শান্তিপূর্ণ, স্থিতিশীল ও সমৃদ্ধ ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য তাদের অঙ্গীকারের কথা পুনরায় ব্যক্ত করেন।

**জর্জটাউন**

**নভেম্বর 20, 2024**